



সিইসি ও নির্বাচন কমিশনারদের জন্য বাড়তি নিরাপত্তা চায়: ইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি), চার নির্বাচন কমিশনার এবং নির্বাচন কমিশনের সিনিয়র সচিবের জন্য অতিরিক্ত পুলিশি নিরাপত্তা ব্যবস্থা চেয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পর নির্বাচনকালীন নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় এ উদ্যোগ নেওয়া হয়েছে।

শনিবার (১৩ ডিসেম্বর) ইসি সচিবালয়ের উপ-সচিব মোহাম্মদ মনির হোসেনের স্বাক্ষরিত একটি চিঠি ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনারের কাছে পাঠানো হয়। চিঠিতে উল্লেখ করা হয়, ১১ ডিসেম্বর নির্বাচনের সময়সূচি ঘোষণার পর সিইসি, অন্যান্য কমিশনার ও সিনিয়র সচিবের জন্য বিশেষ নিরাপত্তা নিশ্চিত করা জরুরি হয়ে পড়েছে।

বর্তমানে সিইসির জন্য গাড়িসহ পুলিশি এসকর্ট থাকলেও নির্বাচনকালীন সময়ে অতিরিক্ত আরও একটি গাড়িসহ নিরাপত্তা বহর দেওয়ার অনুরোধ জানিয়েছে ইসি। পাশাপাশি চার নির্বাচন কমিশনার ও ইসি সচিবের ঢাকার বাসভবন ও অফিসে যাতায়াতসহ সার্বক্ষণিক নিরাপত্তার জন্যও গাড়িসহ পুলিশি এসকর্ট চাওয়া হয়েছে।

চিঠিতে বলা হয়, নির্বাচনসংক্রান্ত দায়িত্ব যথাযথভাবে ও নির্বিঘ্নে পালনের স্বার্থে এসব নিরাপত্তা ব্যবস্থা প্রয়োজন।

এদিকে, পৃথক আরেকটি চিঠিতে ঢাকা, চট্টগ্রাম ও খুলনা মহানগরের পুলিশ কমিশনারদের নির্দেশ দিয়ে আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা ও রিটার্নিং কর্মকর্তাদের সার্বক্ষণিক নিরাপত্তায় গানম্যান নিয়োগের কথা জানিয়েছে নির্বাচন কমিশন।

এ ছাড়া পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বরাবর পাঠানো চিঠিতে দেশের সব নির্বাচন কার্যালয়ে নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করার নির্দেশনা দেওয়া হয়েছে।